**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
**স্থানীয় সরকার বিভাগ**
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১১.০১২.১৯.২১০০ | তারিখ: ১৩ আশ্বিন ১৪৩২ / ২৮ সেপ্টেম্বর ২০২৫

## অফিস আদেশ

স্থানীয় সরকার বিভাগের অধীন জেলা পরিষদের জন্য সেবা ক্রয়ের লক্ষ্যে অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫-এর তপশিল-'ক'-এর বিধান অনুযায়ী নিম্নরূপে **'আউটসোর্সিং সেবা পরিবীক্ষণ কমিটি'** গঠন করা হলো:

| ক্রম | কর্মকর্তা | কমিটিতে পদনাম |
|---|---|---|
| ০১ | যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ | আহ্বায়ক |
| ০২ | প্রধান নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা পরিষদ | সদস্য |
| ০৩ | উপসচিব/সিনিয়র সহকারী সচিব (জেলা পরিষদ শাখা), স্থানীয় সরকার বিভাগ | সদস্য-সচিব |

**কার্য পরিধি:**

(ক) কমিটি স্থানীয় সরকার বিভাগের অধীন জেলা পরিষদের জন্য আউটসোর্সিং সেবা ক্রয়ের প্রয়োজন অনুযায়ী কাজের ধরন ও সংখ্যা নির্ধারণ করবে;

(খ) সেবাকর্মীর সেবামূল্য পাওয়ার নিশ্চয়তাসহ আউটসোর্সিং নীতিমালা অনুযায়ী কার্যক্রম পর্যবেক্ষণ করবে;

(গ) সেবার মেয়াদ বৃদ্ধির যৌক্তিকতা বিবেচনাপূর্বক সুপারিশসহ প্রস্তাব স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে অর্থ বিভাগে প্রেরণ করবে; এবং

(ঘ) ২০০৮ সালের আউটসোর্সিং নীতিমালার আওতায় সৃজিত আউটসোর্সিং পদ এবং আউটসোর্সিংযোগ্য বিদ্যমান যেকোনো পদ শূন্য হলে তা বিলুপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২৮/০৯/২০২৫

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইল: lgzp@lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১১.০১২.১৯.২১০০/১(১০০) | তারিখ: ১৩ আশ্বিন ১৪৩২ / ২৮ সেপ্টেম্বর ২০২৫

**জ্ঞাতার্থে/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৪। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৫। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৬। প্রশাসক, জেলা পরিষদ (সকল);
০৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল);
০৮। সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
০৯। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা; এবং
১০। হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৮/০৯/২০২৫

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব